“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

স্মারক নং : পরী/উমা/১৩/২০১৮/৭৭০ তারিখ : ০২/১০/২০১৮ খ্রিঃ

বিষয় ঃ এইচএসসি পরীক্ষার পূর্বে অনুষ্ঠিত নির্বাচনী (Test) পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের (নিয়মিতদের ক্ষেত্রে) এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ না করা প্রসঙ্গে।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭১.৩৮.২০৩.১৮.১০৮৭, তারিখ : ১৬.০৮.২০১৮।
(২) দুর্নীতি দমন কমিশনের পত্র নং-দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১(অংশ-২)/১৫/৩৯১০(৪),তারিখ -০৫/০২/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, এইচএসসি পরীক্ষার পূর্বে অনুষ্ঠিত নির্বাচনী পরীক্ষায় এক বা একাধিক বিষয়ে অনুত্তীর্ণ শিক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি না দেয়া এবং নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র ০৬(ছয়) মাস সংরক্ষণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। অনিয়মিত শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

নির্বাচনী পরীক্ষার ফল প্রকাশের ৭(সাত) দিনের মধ্যে ফলাফল সংক্রান্ত তথ্য নিচে উল্লিখিত ছক মোতাবেক pdf ফরমেটে controller@comillaboard.gov.bd ই-মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে (ই-মেইলে প্রেরণের সময় Subject এ অবশ্যই EIIN নম্বর ব্যবহার করতে হবে)।

**ছক**

**কলেজের নাম :** **ইন নম্বর :**

**কলেজের সচল ই-মেইল :** **অধ্যক্ষের মোবাইল নম্বর :**

| ক্রমিক নং | বিভাগ | নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা | নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা | নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | বিজ্ঞান | | | |
| ২. | মানবিক | | | |
| ৩. | ব্যবসায় শিক্ষা | | | |
| | সর্বমোট = | | | |

**অধ্যক্ষের স্বাক্ষর ও সীল :**

02/10/18

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০৮১-৭৬১৭২

অধ্যক্ষ
এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং : পরী/উমা/১৩/২০১৮/৭৭০(৫) তারিখ : ০২/১০/২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ

১. চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন, ঢাকা
২. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
৫. সংরক্ষণ নথি

সংযুক্ত: বিবরণ অনুযায়ী

02/10/18

(ড. মোঃ আসাদুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক

| | |
|---|---|
| ১। সচিব | |
| ২। পরীক্ষা নিয়ন্ত্রক | ✓ |
| ৩। কলেজ পরিদর্শক | |
| ৪। বিদ্যালয় পরিদর্শক | |
| ৫। উপ-সচিব (বৃত্তি) | |
| ৬। উপ-সচিব (সনদ) | |
| ৭। উপ-সচিব (কমন) | |
| ৮। পি.এস | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২০৩.১৮.১০৮৭

তারিখ: ১ ভাদ্র ১৪২৫
১৬ আগস্ট ২০১৮

বিষয়: নির্বাচনী (Test) পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনিয়ম সংক্রান্ত।

সূত্র: দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১(অংশ-২)/১৫/৩৯১০(৪); তারিখ: ০৫.০২.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে দুর্নীতি দমন কমিশন হতে নির্বাচনী (Test) পরীক্ষায় অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (পাবলিক) পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদানের ক্ষেত্রে অনিয়মের অভিযোগ আনা হয়েছে।

২। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯-৮-২০১৮
আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
উপসচিব

চেয়ারম্যান, বাংলাদেশ আন্ত:শিক্ষা বোর্ড সাব সমন্বয় কমিটি এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.৩৮.২০৩.১৮.১০৮৭/১(২)

তারিখ: ১ ভাদ্র ১৪২৫
১৬ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, মাধ্যমিক-১ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৯-৮-২০১৮
আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন
উপসচিব

# দুর্নীতি দমন কমিশন
## ঢাকা, বাংলাদেশ

"সবাই মিলে গড়ব দেশ,
দুর্নীতি মুক্ত বাংলাদেশ"

স্মারক নং- দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১ (অংশ-২)/১৫/৩৯১০(৪)

তাং- ০৫/০২/২০১৮ খ্রি.

বিষয়: **নির্বাচনী পরীক্ষায় (Test) অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনিয়ম রোধ।**

সূত্র: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-শাঃ ১০/১০(১)/২০১৬(অংশ)-২৯৯, তাং-১৩/৪/১৬।

দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন অব্যাহতভাবে নানাবিধ কার্যক্রম পরিচালনা করে আসছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদান এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নানাবিধ অনিয়ম গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ১৭ (ট) ধারা মতে এ সকল বিষয় সংশ্লিষ্টদের গোচরীভূত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা কমিশনের অন্যতম দায়িত্ব।

আমাদের দেশে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষা (Test) অনুষ্ঠানের নিয়ম রয়েছে। উক্ত নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে (Subject) উত্তীর্ণরাই পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে মর্মে বিধান বিদ্যমান। কিন্তু, অনেক ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় এক/একাধিক বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীদেরকেও নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে মর্মে মিথ্যা প্রত্যয়নপত্র প্রদানপূর্বক চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হয়ে থাকে মর্মে অভিযোগ রয়েছে। এটা বন্ধ হওয়া সমীচীন।

এমতাবস্থায়, নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণ যাতে পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ না পান সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে ও নির্বাচনী পরীক্ষার খাতাসমূহ পাবলিক পরীক্ষা না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে এবং মাঝে মাঝে তাদের নমুনা পরীক্ষা নেয়ার ব্যবস্থা গ্রহণের সুপারিশ দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-দুদক/প্রতিরোধ/কার্যক্রম/০১/১৫(অংশ)২৭১৪(৫), তারিখ: ২২/০১/২০১৭ মূলে শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত পত্রমূলে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়। কিন্তু দুর্নীতি দমন কমিশনের গৃহীত সাম্প্রতিক কিছু উদ্যোগে মাঠপর্যায়ে এতদবিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না মর্মে তথ্য পাওয়া যাচ্ছে যা অনাকাংখিত।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের নিমিত্ত সংশ্লিষ্টদের পুনরায় নির্দেশ প্রদান করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

মোঃ জাফর ইকবাল এনডিসি
মহাপরিচালক (প্রতিরোধ)
ফোন: ৯৩৫৮৯৫১
Email: dg.prevention@acc.org.bd.

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
২. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সানুগ্রহ অবগতির জন্য)।
৩. চেয়ারম্যান- এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য)।

E:\Taleb\UDC\Prevention activities\D.O prrevention.docx